দৈনিক জনকণ্ঠ

তারিখ 04 FEB 1996
পৃষ্ঠা ৬ কলাম ৪

13

## শিক্ষাবৃত্তির রেজাল্ট

টাঙ্গাইল জেলার পাকুরিয়াস্থ 'সৎসঙ্গ বাংলাদেশ'–এর উদ্যোগে স্থানীয় শিশু-কিশোরদের মধ্যে বিদ্যানুরাগ সৃষ্টির লক্ষ্যে এক শিক্ষাবৃত্তি কার্যক্রম চালু রয়েছে। স্থানীয় স্কুলগুলোর ছাত্রছাত্রীদের মধ্যে প্রতিযোগিতার ভিত্তিতে তৃতীয় ও ষষ্ঠ শ্রেণীর ছাত্রছাত্রীদের মধ্যে এ বৃত্তি প্রদান করা হয়। ১৯৯৫ সালের বৃত্তির ফলাফল সম্প্রতি ঘোষণা করা হয়েছে। প্রফেসর মুস্তাফা নূরউল ইসলাম আনুষ্ঠানিকভাবে এ বৃত্তি প্রদান করবেন বলে সংগঠনিক এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

১৯৯৫ সালে ষষ্ঠ শ্রেণীর ১৩ জন ও তৃতীয় শ্রেণীর ৯ জন শিক্ষার্থী এ বৃত্তি লাভ করেছে। ষষ্ঠ শ্রেণীর মেধা তালিকায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হচ্ছে– স্মৃতি মজুমদার, শরীফা আক্তার, মনিরুজ্জামান খান ও শাহনাজ খাতুন। সাধারণ বৃত্তিপ্রাপ্তরা হচ্ছে– শরিফুল ইসলাম, রুকসানা ইয়াসমিন, খলিলুর রহমান, রফিকুল ইসলাম, শরীফুল ইসলাম, আঃ সালাম আজাদ, কিউ এম মোর্শেদ মাহবুব, আফজেছুর রহমান ও মোসাঃ রিক্তা খাতুন।

তৃতীয় শ্রেণীর মেধাবৃত্তি পেয়েছে আবেদীন ওসমানী, সুকুমার চন্দ্র চন্দ ও সর্বানী রানী রায়। সাধারণ বৃত্তি পেয়েছে মোঃ রুবেল মিয়া, নাছির উদ্দীন, সালমা খাতুন, মোঃ লিটন, তানভীর আহমেদ ও নাহিদা আক্তার নিপা।